গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য ডাক ও টেলিযোগাযোগ সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর দায়িত্ব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওপর ন্যস্ত । ডাক ও টেলিযোগাযোগ সেবা যুগপোযোগীকরণ ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, দেশের প্রত্যন্ত অঞ্চলকে ব্রডব্যান্ড নেটওয়ার্কের আওতায় আনয়ন, টেলিযোগাযোগ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, আইটিইউ (ITU) ও ইউপিইউ (UPU) সহ আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সংযোগ রক্ষা করে ডাক ও টেলিযোগাযোগ সেবা আধুনিকায়নে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিগত তিন বছরে সকল জেলা, উপজেলা ও ইউনিয়নসমূহকে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের আওতায় আনয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের আওতায় প্রায় ১৪৫০০ কি: মি: অপটিক্যাল ফাইবার স্থাপন করা হয়েছে। ইন্টারনেটের ব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে ব্যান্ডউইডথ মূল্য (1Mbps) ২০০৯ সালে ২৭০০০ টাকা হতে কমিয়ে ১৮০০০ টাকা এবং ক্রমান্বয়ে হ্রাস করে ৬২৫ টাকা নির্ধারণ করা হয়েছে। ২য় সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-5 এর মূল ক্যাবলের সাথে দেশের সংযোগ স্থাপন করা হয়েছে। সকল মোবাইল ফোন অপারেটর-এর মাধ্যমে 3G সেবা চালু করা হয়েছে। টেলিটকের মাধ্যমে সর্বপ্রথম 3G সেবা চালু করা হয় এবং উক্ত কোম্পানীর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, চাকরির আবেদনপত্র ব্যবস্থাপনা, স্বাস্থ্য, কৃষি, মোবাইল ব্যাংকিং, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম চালু করা হয়েছে। টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক ল্যাপটপ কম্পিউটার, ডিজিটাল বৈদ্যুতিক মিটার সংযোজন/উৎপাদন চলছে। ডাক অধিদপ্তরের পরিবহণ ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে নতুন ১৯টি গাড়ি পরিবহণ বহরে যুক্ত করা হয়েছে। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ প্রণয়নের মাধ্যমে কুরিয়ার সার্ভিস সেবাখাতে জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং ৮৫০০ টি ডাকঘরকে পোস্ট-ই-সেন্টার-এ রূপান্তরিত করা হয়েছে। ৮৫০০ টি ডাকঘরে পোস্টাল ক্যাশকার্ড ও ৮৫০০ টি ডাকঘরে ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) চালুকরা হয়েছে। টেলিডেনসিটি ৮৩.০৩% এবং ইন্টারনেট পেনিট্রেশন ৪১.৫২% অর্জিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

প্রতিনিয়ত টেলিযোগাযোগ খাতে প্রযুক্তিগত পরিবর্তনের ফলে আইন, পলিসি ও গাইডলাইন যুগোপযোগীকরণ ও যথাসময়ে নতুন প্রযুক্তির অভিযোজন একটি বড় চ্যালেঞ্জ। ডাক অধিদপ্তরের পরিবহণ ব্যবস্থা আধুনিকায়ন ও আধুনিক মেইল প্রসেসিং সেন্টার স্থাপনের মাধ্যমে ডাক সেবা প্রদানের উদ্যোগ নেয়া প্রয়োজন। যোগাযোগের ক্ষেত্রে মোবাইল ও ইন্টারনেট নতুন ভূমিকায় অবতীর্ণ হওয়ায় ডাক অধিদপ্তরকে প্রতিনিয়ত সেবা বহুমুখীকরণের প্রচেষ্টা গ্রহণ করতে হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ইউনিয়নে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন, ইন্টারনেট ব্যান্ডউইডথের মূল্য হ্রাসকরণ, 4G নেটওয়ার্ক চালুকরণ, "বঙ্গবন্ধু স্যাটেলাইট" উৎক্ষেপণ।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৮৯০ কি: মি: অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন;
- ২.৫০ লক্ষ ফাইবার কি: মি: অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন;
- ১০০০০ ল্যাপটপ সংযোজন/উৎপাদন;
- ৫০০০০ ডিজিটাল বৈদ্যুতিক মিটার সংযোজন/উৎপাদন;
- নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ৭০০ BTS স্থাপন;
- নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ৯০০ Node-B স্থাপন;
- ব্যান্ডউইডথ বিক্রয় ৮০ Gbps পরিমাণ বৃদ্ধি এবং ৪৫০ ডাকঘরে ই-কমার্স সার্ভিস চালুকরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ ও ডাক সেবা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাকসেবা নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ
২. ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
৪. সেবা বহুমুখীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সারাদেশে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান ;
২. টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/সংযোজন/সরবরাহ ;
৩. ডাক সেবা প্রদান ;
৪. ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান এবং
৫. ডাকঘরের মাধ্যমে জীবন বীমা সেবা প্রদান ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| টেলিডেনসিটি বৃদ্ধি | টেলিডেনসিটি | % (ক্রমপুঞ্জিভূত) | ৮০.০০ | ৮৩.০৩ | ৮৪.০০ | ৮৫.০০ | ৮৬.০০ | বিটিসিএল, মোবাইল অপারেটরসমূহ | বিটিআরসি'র প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| ইন্টারনেট পেনিট্রেশন বৃদ্ধি | ইন্টারনেট পেনিট্রেশন | % (ক্রমপুঞ্জিভূত) | ৩০ | ৪১.৫২ | ৪৫ | ৪৭ | ৪৯ | বিটিসিএল, বিএসসিসিএল, মোবাইল অপারেটরসমূহ | বিটিআরসি'র প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ওয়েবসাইট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ | ৫০ | [১.১] অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন | [১.১.১] নেটওয়ার্কের দৈর্ঘ্য | কি:মি: | ৪.০০ | ২৮৭০ | ৩৩০০ | ১৮৯০ | | | | | ১০০০ | ১৫০০ |
| | | [১.২] ব্যাকহল সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.২.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | Gbps (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ৪০ | ১৮০ | ২৩৫ | ২৩০ | ২২৮ | ২২৭ | ২২৫ | ২৯০ | ৩৪৫ |
| | | [১.৩] ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ | Gbps (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ৮ | ৯০ | ১৪০ | ১৩৮ | ১৩৭ | ১৩৬ | ১৩৫ | ১৯৫ | ২৫৫ |
| | | [১.৪] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/সংযোজন | [১.৪.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | এফকেএম (লক্ষ) | ৮.০০ | ১.৪৯ | ২.৪০ | ২.৫০ | ২.৪০ | ২.৩০ | ২.২০ | ২.১০ | ২.৬০ | ২.৮০ |
| | | | [১.৪.২] উৎপাদিত/সংযোজিত ল্যাপটপ কম্পিউটার | সংখ্যা | ৩.০০ | ১৭৮০ | ১১৭১৬ | ১০০০০ | ৯৭০০ | ৯৫০০ | ৯৩০০ | ৯০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | | [১.৪.৩] উৎপাদিত/সংযোজিত ডিজিটাল বৈদ্যুতিক মিটার | সংখ্যা | ১.৫০ | ৩৫৬০০ | ৪৪১৯৮ | ৫০০০০ | ৪৮০০০ | ৪৭০০০ | ৪৬০০০ | ৪৫০০০ | ৫০০০০ | ৫০০০০ |
| | | | [১.৪.৪] উৎপাদিত কপার ক্যাবল | সিকেএম | ১.০০ | ২০০০০ | ২৩০০০ | ২৫০০০ | ২৪০০০ | ২৩০০০ | ২২০০০ | ২১০০০ | ২০০০০ | ২০০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৪] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/সংযোজন | [১.৪.৫] উৎপাদিত এইচডিপিই ডাক্ট | কি:মি: | ১.০০ | ০.০০ | ৫০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৩০০০ | ৪০০০ |
| | | | [১.৪.৬] উৎপাদিত/সংযোজিত টেলিফোন সেট | সংখ্যা | ১.০০ | ৫৮০০ | ৪৪২৭ | ৫০০০ | ৪৯০০ | ৪৮০০ | ৪৭৫০ | ৪৭০০ | ৫০০০ | ৫০০০ |
| | | | [১.৪.৭] উৎপাদিত/সংযোজিত পিএবিএক্স | সংখ্যা | ০.৫০ | ৯ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [১.৫] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ বিক্রয় | [১.৫.১] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ-এর বিক্রয় বৃদ্ধি | Gbps (ক্রমপুঞ্জিভূত) | ১০.০০ | ৩০.৬৭ | ১৯৭.৬৭ | ২৭৮ | ২৭০ | ২৬০ | ২৫৫ | ২৫০ | ৩৪৮ | ৪১৮ |
| | | [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১৫.০০ | ৭৫.০০ | ৩৮.০০ | ৩৪.২০ | ৩০.৪০ | ২৬.৬০ | ২২.৮০ | ৪০.০০ | ৪২.০০ |
| | | | [১.৬.২] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৫০.০০ | ৮৫.০০ | ৮২.০০ | ৭৩.৮০ | ৬৫.৬০ | ৫৭.৪০ | ৪৯.২০ | ১২০.০০ | ১৪০.০০ |
| | | | [১.৬.৩] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশন | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ২০.০০ | ৩৫.০০ | ২৮.০০ | ২৫.২০ | ২২.৪০ | ১৯.৬০ | ১৬.৮০ | ৩৪.০০ | ৩৮.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.৪] অনলাইনে সম্পাদিত চাকরি প্রার্থীর রেজিস্ট্রেশন | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ০ | ০ | ১.০০ | ০.৯৮ | ০.৯৭ | ০.৯৬ | ০.৯৫ | ২.০০ | ২.০০ |
| | | [১.৭] 2G ও 3G নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৭.১] স্থাপিত BTS | সংখ্যা | ৩.০০ | ৮০০ | ৩৭৩ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৪০০ | ২০০ |
| | | | [১.৭.২] স্থাপিত Node-B | সংখ্যা | ৩.০০ | ৬০০ | ৪০০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ৭৫০ | ৭২০ | ৬০০ | ৮০০ |
| | | [১.৮] অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যভান্ডার প্রস্তুতকরণ | [১.৮.১] প্রস্তুতকৃত অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যভান্ডার | তারিখ | ২.০০ | ০ | ০ | ৩০-০১-২০১৮ | ২৮-০২-২০১৮ | ৩০-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | ৩০-০৪-২০১৮ | | |
| [২] ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ | ১৪ | [২.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ২১ | ৩০ | ৩৫ | ৩৪ | ৩২ | ৩০ | ২৮ | ৪০ | ৫০ |
| | | | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৮৩৫ | ১২০০ | ১৩০০ | ১২৭০ | ১২৫০ | ১২০০ | ১১০০ | ১৫০০ | ২০০০ |
| | | | [২.১.৩] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ০.৭৩ | ১.০০ | ১.০০ | ০.৯৭ | ০.৯২ | ০.৯০ | ০.৮৫ | ২.০০ | ২.০০ |
| | | [২.২] ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.২.১] স্থাপিত এটিএম বুথ | সংখ্যা | ২.০০ | ৮ | ১৫ | ২০ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২০ | ২৫ |
| | | [২.৩] জীর্ণ ডাকঘর সংস্কার | [২.৩.১] সংস্কারকৃত ডাকঘর | সংখ্যা | ২.০০ | ০ | ০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৯ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | [৩.১] ১১তম হতে ২০তম গ্রেডের বিভিন্ন শূন্য পদে জনবল নিয়োগ | [৩.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে নিয়োগ প্রদান | তারিখ | ৫.০০ | | | ৩১-১২-২০১৭ | ৩১-০১-২০১৮ | ২৮-০২-২০১৮ | ৩১-০৩-২০১৮ | ৩০-০৪-২০১৮ | | |
| | | [৩.২] আওতাধীন দপ্তর/ সংস্থার কার্যক্রম পরিদর্শন | [৩.২.১] আওতাধীন দপ্তর/ সংস্থার কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন | সংখ্যা | ৫.০০ | | | ২৪ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ৩০ | ৩৬ |
| [৪] সেবা বহুমুখীকরণ | ৬ | [৪.১] ই-কমার্স সার্ভিস প্রবর্তন | [৪.১.১] ই-কমার্স সার্ভিস প্রদানকারী ডাকঘর | সংখ্যা | ৩.০০ | ০ | ২০ | ৪৫০ | ৪০৫ | ৩৬০ | ৩১৫ | ৩০০ | ৫০০০ | ৪৪৩৬ |
| | | [৪.২] লজিস্টিক মেইল সার্ভিস প্রবর্তন | [৪.২.১] লজিস্টিক মেইল সার্ভিস প্রবর্তিত ডাকঘর | সংখ্যা | ৩.০০ | ০ | ০ | ৬৪ | ৫৭ | ৫১ | ৪৮ | ৪৪ | ৫০০ | ৯৩৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ৬.৭.১৭ | ৬.৭.২০১৭ |
| সচিব<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ<br>ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DPP | Development Project Proposal |
| ২ | PDPP | Preliminary Development Project Proposal |
| ৩ | এইচডিপিই | হাই ডেনসিটি পলিইথিলিন |
| ৪ | ডিওটি | ডিপার্টমেন্ট অব টেলিকমিউনিকেশন্স |
| ৫ | এনটিটিএন | ন্যাশনাল টেলিকমিউনিকেশন্স ট্রান্সমিশন নেটওয়ার্ক |
| ৬ | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড |
| ৭ | Mbps | Megabit per second |
| ৮ | বিটিটিবি | বাংলাদেশ টেলিগ্রাফ এন্ড টেলিফোন বোর্ড |
| ৯ | Gbps | Gigabit per second |
| ১০ | ইএমটিএস | ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস |
| ১১ | জিইপি | গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট |
| ১২ | বিএসসিসিএল | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড |
| ১৩ | পিওএস মেশিন | পয়েন্ট অব সেল মেশিন |
| ১৪ | আইটিসি | ইন্টারন্যাশনাল টেরিস্ট্রিয়াল ক্যাবল |
| ১৫ | HDD | Horizontal Directional Drilling |
| ১৬ | বিসিএসএল | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড |
| ১৭ | এটিএম | অটোমেটেড টেলার মেশিন |
| ১৮ | এফকেএম | ফাইবার কিলোমিটার |
| ১৯ | ইউপিইউ | ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন |
| ২০ | BREB | Bangladesh Rural Electrification Board |
| ২১ | ওএফসি | অপটিক্যাল ফাইবার ক্যাবল |
| ২২ | PABX | Private Automatic Branch Exchange |
| ২৩ | PSTN | Public Switched Telephone Network |
| ২৪ | IP-PABX | Internet Protocol Private Automatic Branch Exchange |
| ২৫ | DESCO | Dhaka Electricity Supply Company |
| ২৬ | ICT | Information and Communication Technology |
| ২৭ | 2G | Second Generation Mobile Communications Technology |
| ২৮ | 3G | Third Generation Mobile Communications Technology |
| ২৯ | 4G | Fourth Generation Mobile Communications Technology |
| ৩০ | BTS | Base Transceiver Station for 2G |
| ৩১ | Node-B | 3G base station |
| ৩২ | BPDB | Bangladesh Power Development Board |

| | | |
|---|---|---|
| ৩৩ | DPDC | Dhaka Power Distribution Company Limited |
| ৩৪ | কি:মি: | কিলোমিটার |
| ৩৫ | সিকেএম | কন্ডাক্টর কিলোমিটার |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন | [১.১.১] নেটওয়ার্কের দৈর্ঘ্য | টেলিডেনসিটি বৃদ্ধি ও ইন্টারনেট পেনিট্রেশন সম্প্রসারণের লক্ষ্যে উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্কের সম্প্রসারণ। | বিটিসিএল | অপটিক্যাল ফাইবার ক্যাবল দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের সাহায্যে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবলের দৈর্ঘ্য পরিমাপ করা হয়। | বিটিসিএল এর ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মনিটরিং কমিটির প্রতিবেদন |
| [১.২] ব্যাকহল সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.২.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | বিএসসিসিএল, আইটিসি এবং অন্যান্য সার্ভিস প্রোভাইডারদেরকে দেশব্যাপী অপটিক্যাল ফাইবার ব্যাকহল প্রদান। | বিটিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিটিসিএল এর ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন |
| [১.৩] ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ | সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও বে-সরকারী বিভিন্ন প্রতিষ্ঠান পাশাপাশি আইসিটি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট ব্যান্ডউইডথ প্রদান। | বিটিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | বিটিসিএল এর ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন/ অফিসিয়াল প্রতিবেদন |
| [১.৪] টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/সংযোজন | [১.৪.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | বিটিসিএলসহ অন্যান্য সংস্থার চাহিদার প্রেক্ষিতে উৎপাদন করা হয়। | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা। | মেশিনের মিটার প্রিন্ট রিডিং হতে ক্যাবলের দৈর্ঘ্য সংগ্রহ করে ফাইবার সংখ্যা দিয়ে গুণ করে পরিমাপ গ্রহণ করা হয়। | বিসিএসএল এর ওয়েবসাইট/ প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.২] উৎপাদিত/সংযোজিত ল্যাপটপ কম্পিউটার | বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য চাহিদা মোতাবেক উৎপাদন/ সংযোজন করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লি: | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লি: এর ওয়েবসাইট/ প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৩] উৎপাদিত/সংযোজিত ডিজিটাল বৈদ্যুতিক মিটার | বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য চাহিদা মোতাবেক উৎপাদন/ সংযোজন করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লি: | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিফোন শিল্প সংস্থা লি: এর ওয়েবসাইট/ প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৪] উৎপাদিত কপার ক্যাবল | বিটিসিএলসহ অন্যান্য সংস্থার চাহিদার প্রেক্ষিতে উৎপাদন করা হয়। | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা। | মেশিনের মিটার প্রিন্ট রিডিং হতে ক্যাবলের দৈর্ঘ্য সংগ্রহ করে কন্ডাক্টর সংখ্যা দিয়ে গুণ করে পরিমাপ গ্রহণ করা হয়। | বিসিএসএল এর ওয়েবসাইট/ প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৫] উৎপাদিত এইচডিপিই ডাক্ট | বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য চাহিদা মোতাবেক উৎপাদন/ সংযোজন করা হয়। | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা। | মেশিনের মিটার প্রিন্ট হতে এইচডিপিই ডাক্ট এর দৈর্ঘ্য সংগ্রহ করা হয়। | বিসিএসএল এর ওয়েবসাইট/ প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ বিক্রয় | [১.৫.১] আন্তর্জাতিক ডাটা ও ইন্টারনেট সংযোগ-এর বিক্রয় বৃদ্ধি | ব্যান্ডউইডথ এর বিক্রির পরিমাণ বৃদ্ধির জন্য বিএসসিসিএল-এর নিবিড় পরিকল্পনা রয়েছে। | বিএসসিসিএল | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে পরিমাপ করা হয়। | বিএসসিসিএল-এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [১.৬] ভ্যালু অ্যাডেড সার্ভিস সম্প্রসারণ | [১.৬.১] মোবাইলের মাধ্যমে গৃহীত ভর্তির আবেদন | মোবাইলের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আবেদন গ্রহণ। | টেলিটক বাংলাদেশ লি: | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [১.৬.২] মোবাইলের মাধ্যমে পরিশোধিত ইউটিলিটি বিল | মোবাইলের মাধ্যমে ইউটিলিটি বিল পরিশোধ। | টেলিটক বাংলাদেশ লি: | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [১.৬.৩] অনলাইনে সম্পাদিত ছাত্র ভর্তির রেজিস্ট্রেশন | অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রেজিস্ট্রেশন। | টেলিটক বাংলাদেশ লি: | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [১.৬.৪] অনলাইনে সম্পাদিত চাকরি প্রার্থীর রেজিস্ট্রেশন | অনলাইনে চাকরি প্রার্থীর রেজিস্ট্রেশন। | টেলিটক বাংলাদেশ লি: | সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সংগ্রহ করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [১.৭] 2G ও 3G নেটওয়ার্ক সম্প্রসারণ | [১.৭.১] স্থাপিত BTS | 2G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানে টাওয়ার স্থাপন। | টেলিটক বাংলাদেশ লি: | সরজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [১.৭.২] স্থাপিত Node-B | 3G নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ দেশের বিভিন্ন স্থানে টাওয়ার স্থাপন। | টেলিটক বাংলাদেশ লি: | সরজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয়। | টেলিটক বাংলাদেশ লি: এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [১.৮] অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যভান্ডার প্রস্তুতকরণ | [১.৮.১] প্রস্তুতকৃত অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যভান্ডার | অপটিক্যাল ফাইবার সম্পর্কিত তথ্য সংগ্রহ করে তথ্যভান্ডার প্রস্তুতকরণ। | ডিওটি | প্রকাশিত তথ্যভান্ডার অবলোকন | ডিওটি-এর প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [২.১.১] আদান প্রদানকৃত জিইপি | জিইপি অর্থ বিশেষায়িত অভ্যন্তরীণ দ্রুতগামী ডাকসেবা; যা ঢাকা শহরের সকল পোস্ট অফিসসহ উপজেলা ডাকঘর হতে প্রদান করা হয়। স্বল্প সময়ে নিরাপত্তার সাথে বিলির নিশ্চয়তা প্রদানকারী ডাক সেবা জিইপি গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | ডাক অধিদপ্তর | সরেজমিন হিসাব রাখা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [২.১.২] আদান প্রদানকৃত চিঠিপত্র এবং পার্সেল | ডাকদ্রব্য, অর্থ, চিঠি, পোস্ট কার্ড, সংবাদপত্র, বই, নমুনা প্যাকেট, পার্সেল প্রভৃতি যা ডাক মারফত পরিবাহিত হয়ে থাকে। গ্রহণ, প্রেরণ ও বিতরণ মানের নির্দেশক হিসেবে বিবেচিত হয়। | ডাক অধিদপ্তর | সরেজমিন হিসাব রাখা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| | [২.১.৩] বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | পোস্টাল ক্যাশ কার্ড এক ধরনের ডেবিট কার্ড যার মাধ্যমে গ্রাহক নির্ধারিত ডাকঘর থেকে টাকা লেনদেন করতে পারেন এবং টাকা প্রেরণ করতে পারেন। এই কার্ডের মাধ্যমে এটিএম বুথ থেকে টাকা উঠানো যায় এবং দোকানে কেনা কাটা করা যায়। | ডাক অধিদপ্তর | সংশ্লিষ্ট নথি হতে হিসাব গ্রহণ করা হয়। | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [২.২] ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেন সুবিধা নিশ্চিতকরণ | [২.২.১] স্থাপিত এটিএম বুথ | স্বয়ংক্রিয় অর্থ প্রদানকারী যন্ত্র যা উচ্চ প্রযুক্তি সম্পন্ন। এ সকল বুথ থেকে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকগণ প্রয়োজন মত অর্থ উত্তোলন করতে পারেন। বাংলাদেশ ডাক অধিদপ্তর সোনালী ব্যাংক লিমিটেড এর সাথে যৌথভাবে ইতোমধ্যে ৮টি এটিএম বুথ স্থাপন করেছে। সারাদেশে আরো ১২০০ টি বুথ পর্যায়ক্রমিকভাবে স্থাপন করা হবে। | ডাক অধিদপ্তর | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয় | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [২.৩] জীর্ণ ডাকঘর সংস্কার | [২.৩.১] সংস্কারকৃত ডাকঘর | পুরাতন জীর্ণ ডাকঘর সংস্কার করা হবে। | ডাক অধিদপ্তর | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয় | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [৪.১] ই-কমার্স সার্ভিস প্রবর্তন | [৪.১.১] ই-কমার্স সার্ভিস প্রদানকারী ডাকঘর | গুরুত্বপূর্ণ ডাকঘরের মাধ্যমে ই-কমার্স সার্ভিস প্রদান করা হবে | ডাক অধিদপ্তর | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয় | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |
| [৪.২] লজিস্টিক মেইল সার্ভিস প্রবর্তন | [৪.২.১] লজিস্টিক মেইল সার্ভিস প্রবর্তিত ডাকঘর | জেলা শহরে অবস্থিত ডাকঘরের মাধ্যমে লজিস্টিক মেইল সার্ভিস প্রদান করা হবে | ডাক অধিদপ্তর | সরেজমিনে গণনা করে সংখ্যা নির্ণয় করা হয় | ডাক অধিদপ্তরের প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি করপোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ | নেটওয়ার্কের দৈর্ঘ্য | জেলা হতে উপজেলা সমূহের দিকে রাস্তা খনন এবং HDD দ্বারা অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হয় বিধায় রাস্তা কাটার অনুমোদন প্রয়োজন। | রাস্তা কাটার অনুমোদন ব্যতীত ক্যাবল স্থাপন সম্ভব নয়। | সংশ্লিষ্ট সংস্থাসমুহের আওতাধীন এলাকার অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা সম্ভবপর হবে না। |
| অন্যান্য | সড়ক ও জনপথ অধিদপ্তর, সিটি করপোরেশন, ওয়াসা, বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা | ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ | বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ক্যাবল এর নিরাপত্তা বিঘ্নিত না করা। | অপটিক্যাল ফাইবার ক্যাবল রুটে সংস্থাসমুহের মেরামত বা খনন কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে অপটিক্যাল ফাইবার ক্ষতিগ্রস্ত না হয়। | সেবা বিঘ্নিত হবে। |
| অন্যান্য | সড়ক ও জনপথ অধিদপ্তর, সিটি করপোরেশন, ওয়াসা, বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা | ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ | বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ক্যাবল এর নিরাপত্তা বিঘ্নিত না করা। | অপটিক্যাল ফাইবার ক্যাবল রুটে সংস্থাসমুহের মেরামত বা খনন কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে অপটিক্যাল ফাইবার ক্ষতিগ্রস্ত না হয়। | সেবা বিঘ্নিত হবে। |
| অন্যান্য | আইসিটি বিভাগ, বিটিসিএল | উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | অপটিক্যাল ফাইবার ক্যাবলের পর্যাপ্ত ক্রয়াদেশ প্রদান | বাংলাদেশ ক্যাবল শিল্প লি: সরকারী প্রতিষ্ঠান বিধায় বিটিসিএল-এর বিভিন্ন প্রকল্পের অপটিক্যাল ফাইবার ক্যাবল বিসিএসএল হতে সরাসরি ক্রয় সম্ভব। | উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হবে। ফলে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক অর্জন প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হবে। |
| অন্যান্য | BPDB, পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত BTS | বিদ্যুৎ সংযোগ | BTS-এর জন্য বিদ্যুৎ অপরিহার্য। | BTS চালু করা সম্ভব হবে না। |
| অন্যান্য | BPDB, পল্লী বিদ্যুৎ সমিতি | স্থাপিত Node-B | বিদ্যুৎ সংযোগ | Node-B-এর জন্য বিদ্যুৎ অপরিহার্য। | Node-B চালু করা সম্ভব হবে না। |
| অন্যান্য | এনটিটিএন লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ | প্রস্তুতকৃত অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যভান্ডার | অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যাদি | অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্পর্কিত তথ্যাদি তথ্যভান্ডার প্রস্তুত করার জন্য অপরিহার্য। | তথ্যভান্ডার প্রস্তুত করা সম্ভব হবে না। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | বিক্রীত ম্যাগনেটিক স্ট্রিপ সম্বলিত পোস্টাল ক্যাশ কার্ড | বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে প্রদান। | পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা প্রদান করা হলে দ্রুত ও নিশ্চিতভাবে উপকারভোগীর নিকট অর্থ পৌঁছাবে। ফলে বাংলাদেশ ডাক অধিদপ্তরের আয় বাড়বে এবং পারস্পরিক সুবিধা নিশ্চিত হবে। | কর্মসম্পাদন সূচক অর্জিত হবে না। |